

৫১

এসএসসি পরীক্ষা

রাজনীতিবিদদের সহিত
শিক্ষা বোর্ডের বৈঠক
অনুষ্ঠানের আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতি
ফেডারেশন গতকাল বুধবার এক
বিবৃতিতে আসন্ন এসএসসি পরী-
ক্ষার্থীদের ভাগা নির্ণয়ের লক্ষ্যে
দেশের ৫টি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে
অবিলম্বে রাজনৈতিক দলগুলির
সহিত আলোচনা শুরু করার আহ্বান
জানিয়েছে।

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

এসএসসি পরীক্ষা

(১ম পৃ: পর)

ফেডারেশনের সভাপতি শেখ
আগামুল্লাহ, মহাসচিব কাজী ফারুক
আহমদ বিবৃতিতে বলেন, বিদ্যমান
রাজনৈতিক কারণে ২৮ মে মার্চ
না পরিবর্তিত তারিখে এসএসসি
পরীক্ষা অনুষ্ঠিত হইবে এব্যাপারে
বোর্ড কর্তৃপক্ষের রাজনৈতিক
নেতাদের সহিত অবিলম্বে বৈঠক
করিয়া উহা চূড়ান্ত করিতে হইবে।
কেন্দ্রে গুলিতে পরীক্ষার সরঞ্জামাদি
পৌছানো সম্ভব হয় নাই
বিধায় নির্ধারিত তারিখে পরীক্ষা
অনুষ্ঠান অসম্ভব একথা উল্লেখ
করিয়া বিবৃতিতে বলা হয়, যদি
বোর্ড কর্তৃপক্ষ রাজনৈতিক নেতা-
দের সহিত বৈঠক শেষে পরীক্ষা
অনুষ্ঠান স্মৃষ্টভাবে সমাধা হইবে
বলিয়া মনে করেন তাহা কেন্দ্রে
কেন্দ্রে অবিলম্বে পরীক্ষা সংশ্লিষ্ট
সরঞ্জামাদি পাঠান হউক। বিবৃ-
তিতে ৫ লক্ষ পরীক্ষার্থী, তাহা-
দের লাখ লাখ অভিভাবক,
পরীক্ষা সংশ্লিষ্ট লক্ষাধিক শিক্ষক
কর্মচারীদের উদ্বেগ নিরসনে
সংশ্লিষ্টদের অবিলম্বে বৈঠক অনু-
ষ্ঠানের আহ্বান জানান হয়।

—প্রশ্ন বিজ্ঞপ্তি